রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৪, ২০১৬

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭—২০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪১—৭২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১—৪২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-৩ (শুল্ক)**

**আদেশ**

তারিখ, ৫ আশ্বিন ১৪২২/২০ সেপ্টেম্বর ২০১৫

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৪৮.১৪.৬৮৭**—যেহেতু, জনাব নাজমুল হাফিজ আহমেদ, রাজস্ব কর্মকর্তা-কে কাস্টম হাউস, চট্টগ্রাম হতে বদলীপূর্বক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লায় পদায়ন করে ১১-০৯-১৪ তারিখ অপরাহ্নে অব্যাহতি প্রদান করা হলে তিনি বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের আদেশ অমান্য করায় এ বিভাগের ৩০-১১-২০১৪ তারিখে ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৪৮.১৪-৬৯০ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১ মোতাবেক তাকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং এই মন্ত্রণালয়ের ১৮-০৫-২০১৫ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৪৮.১৪-২৯৩ নম্বর স্মারক এর মাধ্যমে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(সি) অনুযায়ী "ডিজারশন (Desertion)' এর অভিযোগে বিভাগীয় মামলা চালু করে তার কৈফিয়ত তলব করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা জানতে চাওয়া হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৮-০৫-২০১৫ তারিখে কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন। তাঁর প্রার্থনার পরিপ্রেক্ষিতে গত ০২-০৯-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

যেহেতু, শুনানীতে সরকার পক্ষের প্রতিনিধি জানান যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব নাজমুল হাফিজ আহমেদ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটিসহ কর্মস্থল ত্যাগ করেন। ছুটিকালীন সময়ে অসুস্থ হলে তিনি গত ২৩-০৯-২০১৪, ২৮-০৯-২০১৪, ১৪-১০-২০১৪, ১৬-১০-২০১৪ ও ০৬-১১-২০১৪ তারিখে ডাক্তারের ব্যবস্থাপত্র গ্রহণ করেন। ডাক্তারের ব্যবস্থাপত্রসহ তাঁর অসুস্থতার বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করেন।

যেহেতু, জনাব নাজমুল হাফিজ আহমেদ তার প্রদত্ত লিখিত ও মৌখিক বক্তব্য তাঁর অবস্থান এবং সামগ্রিক পরিস্থিতি তুলে ধরে নিজেকে নির্দোষ দাবী করেন। তিনি অনুমোদিত ছুটি গ্রহণ শেষে

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

কর্মস্থল ত্যাগ করার পর অসুস্থতার কারণে বদলীকৃত কর্মস্থলে যোগদান করতে পারেননি এবং অসুস্থতার স্বপক্ষে সকল প্রমাণক দাখিল করা সত্ত্বেও তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে জানিয়ে, সার্বিক বিষয় বিবেচনাপূর্বক সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ বর্ণিত অভিযোগ হতে অব্যাহতি প্রার্থনা করেন।

যেহেতু, সরকার পক্ষের প্রতিনিধির বক্তব্য, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও মৌখিক বক্তব্য পর্যালোচনায় জনাব নাজমুল হাফিজ আহমেদ, রাজস্ব কর্মকর্তা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(সি) অনুযায়ী 'ডিজারশন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

সেহেতু, জনাব নাজমুল হাফিজ আহমেদ, রাজস্ব কর্মকর্তা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(সি) অনুযায়ী 'ডিজারশন (Desertion)' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ উক্ত সময়কালকে কর্মকাল (On Duty) হিসাবে গণ্য করে তাঁকে উক্ত বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**(শুল্ক)**

**আদেশাবলী**

তারিখ, ২৩ আশ্বিন ১৪২২/০৮ অক্টোবর ২০১৫

**নং ৩৫/২০১৫/শুল্ক**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় মেসার্স র‌্যাংগস ইলেকট্রনিক্স লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-৮৫৭/কাস-পিবিডব্লিউ/২০১৩, তাং-১১-০৪-১৩) বিপরীতে ২০১৫-১৬ অর্থবছরের জন্য নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | পণ্যের নাম | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---|---|---|
| (১) | মদ/লিকার ও অন্যান্য ড্রিংকস | ৪০,০০০.০০ |
| (২) | সিগারেট | ১,২০,০০০.০০ |
| (৩) | অন্যান্য পণ্য (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স, কনফেকশনারী ও কসমেটিক্স) | ৩০,০০০.০০ |
| | **সর্বমোট=** | **১,৯০,০০০.০০** |

**নং ৩৬/২০১৫/শুল্ক**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ভোমরা স্থল শুল্ক স্টেশন, সাতক্ষীরায় মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-০১/কাস-পিবিডব্লিউ/২০১৫, তাং-২৪-০৬-১৫) বিপরীতে ৩০ জুন, ২০১৬ সময় পর্যন্ত নিম্নেবর্ণিত সাময়িক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---|---|---|
| (১) | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৩৫,০০০.০০ |
| (২) | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৬২,০০০.০০ |
| (৩) | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৩৩,০০০.০০ |
| (৪) | কনফেকশনারী ইলেক্ট্রনিক্স, গিফট্ আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ৩৮,০০০.০০ |
| | **সর্বমোট=** | **২,৬৮,০০০.০০** |

**নং ৩৭/২০১৫/শুল্ক**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আখাউড়া স্থল শুল্ক স্টেশন, ব্রাহ্মণবাড়ীয়ায় মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-০১/কাস-পিবিডব্লিউ/আখাউড়া/২০১৫, তাং-০১-০৭-১৫) বিপরীতে ৩০ জুন, ২০১৬ সময় পর্যন্ত নিম্নেবর্ণিত সাময়িক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---|---|---|
| (১) | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৬৫,০০০.০০ |
| (২) | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৬২,০০০.০০ |
| (৩) | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৩৩,০০০.০০ |
| (৪) | কনফেকশনারী ইলেক্ট্রনিক্স, গিফট্ আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ৩৮,০০০.০০ |
| | **সর্বমোট=** | **২,৯৮,০০০.০০** |

তারিখ, ২৩ বৈশাখ, ১৪২২/৬ মে, ২০১৫

**নং ৩৩৯/২০১৫/শুল্ক**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় মেসার্স স্কাইলাক্স ডিউটি ফ্রি শপ নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-৭৬৭/কাস-পিবিডব্লিউ/২০১২, তাং-২৫-০১-১২) বিপরীতে ২০১৫-১৬ অর্থবছরের জন্য নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | পণ্যের নাম | পরিমাণ |
|---|---|---|
| (১) | মদ/লিকার ও অন্যান্য ড্রিংকস্ | ৮৫,০০০ মাঃ ডঃ |
| (২) | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩,২০,০০০ মাঃ ডঃ |
| (৩) | কসমেটিক্স ও টয়লেট্রিজ | ৭০,০০০ মাঃ ডঃ |
| (৪) | খাদ্য সামগ্রী/টয়লেট্রিজ, ইলেক্ট্রনিক্স ও অন্যান্য | ২৫,০০০ মাঃ ডঃ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**হুসেইন আহমেদ**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ১ অক্টোবর ২০১৫

**নং আর-৬/৭এন-২৬/২০১৫-৫৩৪**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে শরীয়তপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাম্মদ কবির হোসেন, পিতা মৃত আব্দুল জলিল বেপারী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ করা হইল :—

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৪১/২০১৫-৫৩৫**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাম্মদ রোশন আলী, পিতা আব্দুল গফুর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ করা হইল :—

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-০৬/২০১৫-৫৩৬**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ সফিউল আজম, পিতা মরহুম মোঃ ওয়াসেক উদ্দিন-কে, সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ করা হইল :—

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ৮ অক্টোবর ২০১৫

**নং আর-৬/৭এন-৩৯/২০১৫-৫৬৪**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আবদুল মান্নান, পিতা জনাব আবদুল মালেক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ করা হইল :—

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বিকাশ কুমার সাহা**
উপ-সচিব (প্রশাসন)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ৩ আগস্ট ২০১৫

**নং বিচার-৭/২এন-১২/২০০০-৪০৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবু সাইদ, পিতা মোঃ আজিজুর রহমান, মাতা মোছাঃ হামিদা রহমান, গ্রাম বাট্টাজোর, ঝুড়ারপাড়, ডাকঘর বাট্টাজোর নতুন বাজার, উপজেলা বকসীগঞ্জ, জেলা জামালপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার বকসীগঞ্জ উপজেলার ০৩নং বাট্টাজোর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ২৪ আগস্ট ২০১৫

**নং বিচার-৭/২এন-১২/৮০(অংশ)-৪৩৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মশিউর রহমান, পিতা মৃত মাহবুবুর রহমান, মাতা মোছাঃ খোরশেদা বেগম, গ্রাম পশ্চিম পায়ড়াডাংগা, ডাকঘর দিঘীরপাড়, উপজেলা নাগেশ্বরী, জেলা কুড়িগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী পৌরসভার ৭, ৮ ও ৯নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ২৫ আগস্ট ২০১৫

**নং বিচার-৭/২এন-১১৬/৮৭(অংশ)-৪৩৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ এহছান উল্লাহ, পিতা মৃত মোহাম্মদ ফখরুল ইসলাম, মাতা মৃত বিবি ফাতেমা, গ্রাম ও ডাকঘর বাউরিয়া, উপজেলা সন্দ্বীপ, জেলা চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার ১০নং বাউরিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

---

## আদেশাবলী

তারিখ, ৩০ আগস্ট ২০১৫

**নং বিচার-৭/২এন-১০৪/৮৭-৪৫৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আতাউর রহমান, পিতা মৃত আফিল উদ্দিন, মাতা মোছাঃ মেহেরবানু, গ্রাম কুলিয়াটি, ডাকঘর মদন, উপজেলা মদন, জেলা নেত্রকোনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোনা জেলার মদন উপজেলার ০৩নং মদন ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৮০/২০০৪-৪৫৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ ফকরুল আমিন গাজী, পিতা মোঃ রুহুল আমিন গাজী, মাতা সেলিমা বেগম, গ্রাম ছাগলদি, ডাকঘর চরাদী, উপজেলা বাকেরগঞ্জ, জেলা বরিশাল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার ০২নং চরাদী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ৩১ আগস্ট ২০১৫

**নং বিচার-৭/২এন-৬৭/২০১৩-৪৫৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব পুষ্প রানী দাস, পিতা নরেন্দ্র কুমার দাস, মাতা রঙ্গবালা দাস, গ্রাম সুবর্ণচর, পোঃ ছমির হাট, উপজেলা সুবর্ণচর, জেলা নোয়াখালী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ০১ সেপ্টেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-৫১/২০০৪(অংশ)-৪৬০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ হারুনুর রশিদ, পিতা মোঃ রুহুল আমিন, মাতা রাশেদা বেগম, গ্রাম বিষ্ণুপুর, ডাকঘর বিষ্ণুপুর, ইউনিয়ন ৪নং সাহাপাড়া, উপজেলা গাইবান্ধা সদর, জেলা গাইবান্ধা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাইবান্ধা জেলার গাইবান্ধা সদর উপজেলার ০৪নং সাহাপাড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ১৫ সেপ্টেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-৩৫/২০১১-৪৯৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মুহাম্মদ নুরুল আলম, পিতা মৃত আহম্মদ ছফা, মাতা মোমেনা খাতুন, গ্রাম কোলাগাঁও, ডাকঘর চরকানাই, উপজেলা পটিয়া, জেলা চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার ০৪নং কোলাগাঁও ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ০৯ সেপ্টেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-৪৯/৮৭-৪৮১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মহিউদ্দিন আহমেদ, পিতা মোঃ আব্দুল ওয়াদুদ, মাতা মহিরন নেছা, পি, এন রোড, শিবরামপুর, ওয়ার্ড নং ০৫, ডাকঘর পাবনা, উপজেলা পাবনা সদর, জেলা পাবনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার সদর পৌরসভার ৪ ও ৫নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ১৩ সেপ্টেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-০৯/২০১৪-৪৮৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সমীর দাস, পিতা লক্ষী দাস, মাতা মৃত যমুনা দাস, গ্রাম+ডাকঘর ছয়গাঁও, উপজেলা ভেদরগঞ্জ, জেলা শরীয়তপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলা এলাকার জন্য জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১০৩/৮৬-৪৮৬**—মুসলিম বিবাহ ও তালাক নিবন্ধন আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ ফুয়াদুল ইসলাম, পিতা আ, ফ, ম, আব্দুল করিম, মাতা মোছাঃ রহিমা খাতুন, গ্রাম পানঘাট বন্দকাটী, ডাকঘর জহুরনগর, উপজেলা কালিগঞ্জ, জেলা সাতক্ষীরা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলার ০২নং বিষ্ণুপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ০১ অক্টোবর ২০১৫

**নং বিচার-৭/২এন-৩/২০১০-৫২৯**—মুসলিম বিবাহ ও তালাক নিবন্ধন আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ নুহ শরীফ, পিতা মৃত শরীফ মোহাম্মদ আলী, মাতা হামিদা বেগম, গ্রাম শার্সন, ডাকঘর চুনখোলা, উপজেলা মোল্লারহাট, জেলা বাগেরহাট) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাগেরহাট জেলার মোল্লারহাট উপজেলার ২নং চুনখোলা ইউনিয়নের সাবেক ১ ও ২নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**ওয়াসিম শেখ**
সিনিয়র সহকারী সচিব।

## তথ্য মন্ত্রণালয়
## চলচ্চিত্র অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ আশ্বিন ১৪২২/২৯ সেপ্টেম্বর ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৭.৩৭.০১১.১৫.৬২৩**—জনাব মোঃ জহিরুল হক, প্রযোজক, জে প্রোডাকশন, ৭৩, কাকরাইল, ইস্টার্ণ কমার্শিয়াল কমপ্লেক্স, ঢাকা-১০০০ কর্তৃক প্রযোজিত "ব্যারিকেড" নামক চলচ্চিত্রে সেন্সরবিহীন অশ্লীল গান ও দৃশ্য জুড়ে দিয়ে প্রদর্শন এবং অনুমোদনবিহীন অশ্লীল পোস্টার দ্বারা চলচ্চিত্রটির প্রচারকার্য চালানোর দায়ে দি সেন্সরশীপ অব ফিল্মস এ্যাক্ট, ১৯৬৩ এর ৫নং ধারা (সংশোধিত ২০০৬) এবং দি বাংলাদেশ সেন্সরশীপ অব ফিল্মস রুলস, ১৯৭৭ এর ২৫নং বিধি মোতাবেক উক্ত চলচ্চিত্রটির সেন্সর সনদপত্র (নং-এলএফ-৯২/২০০৪, তারিখ: ২০-০৯-২০০৪) স্থায়ীভাবে বাতিল করা হলো এবং সমগ্র বাংলাদেশে প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করা হলো।

২। "ব্যারিকেড" চলচ্চিত্রটি প্রদর্শিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপসচিব।

---

## নৌ-পরিবহন মন্ত্রণালয়
## বাস্তবক শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৫

**নং নৌপম/বাস্তবক/এম-১১/২০০৮(অংশ-২)-৪২৩**—বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের আওতাধীন বেনাপোল স্থলবন্দরে নবনির্মিত আন্তর্জাতিক বাস টার্মিনাল ও প্যাসেঞ্জার টার্মিনালে প্রবেশ ফি নিম্নরূপ নির্ধারণ করা হলো :

(ক) প্যাসেঞ্জার টার্মিনাল: প্যাসেঞ্জার প্রতি ১০(দশ) টাকা।

(খ) বাস টার্মিনাল: বাস প্রতি ৫০(পঞ্চাশ) টাকা।

২। এ' আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকরী হবে।

আদেশক্রমে

**মোঃ শাহজাহান আলী**
সহকারী সচিব।

---

## পানি সম্পদ মন্ত্রণালয়
## উন্নয়ন-২ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ০১ আশ্বিন ১৪২২/১৬ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪২.০৩৫.০১৪.০২.০১.০৯৫.২০১৫-২৭১**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন "কিশোরগঞ্জ, তারাগঞ্জ ও বদরগঞ্জ উপজেলার যমুনেশ্বরী, চিকলী ও চারালকাটা নদীতীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন সমস্যা, সমাধান ও সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(১) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়

(৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৪) যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়

(৫) যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়

(৬) যুগ্ম-প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

(৭) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৮) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৯) উপ-সচিব (উন্নয়ন-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়

(১০) উপ-প্রধান-২ পানি সম্পদ মন্ত্রণালয়

(১১) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১২) কৃষি পানি সম্পদ ও পল্লী উন্নয়ন প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১৩) প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, রংপুর

(১৪) সহকারী প্রধান, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(১৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, রংপুর পওর সার্কেল-২।

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(খ) প্রকল্প বাস্তবায়নে সমস্য সমাধানে দিক নির্দেশনা;

(গ) বিবিধ।

২। কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভা আহ্বান করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করা যাবে।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**নং ৪২.০৩৫.০১৪.০৩.০১.০৯৭.২০১৫-২৭২**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন "বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদীর ডানতীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন সমস্যা, সমাধান ও সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(১) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়

(৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৪) যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়

(৫) যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়

(৬) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৭) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৮) উপ-সচিব (উন্নয়ন-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়

(৯) উপ-প্রধান-২ পানি সম্পদ মন্ত্রণালয়

(১০) সেচ উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১১) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১২) পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১৩) প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, ফরিদপুর

**সদস্য-সচিব**

(১৪) প্রকল্প পরিচালক/সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক

**সদস্য-বৃন্দ**

(১৫) নির্বাহী প্রকৌশলী, কুষ্টিয়া পওর বিভাগ, কুষ্টিয়া

(১৬) সহকারী প্রধান, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(খ) প্রকল্প বাস্তবায়নে সমস্য সমাধানে দিক নির্দেশনা;

(গ) বিবিধ।

২। কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভা আহ্বান করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করা যাবে।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

**উন্নয়ন-০৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ ভাদ্র ১৪২২/১৩ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪২.০০.০০০০.০৩৮.১৮.০৪১.১৫-৩৯৩**—পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) কর্তৃক বাস্তবায়নাধীন "Institutionalization of Integrated Water Resources Management (IWRM) Process in Compliance with Bangladesh Water Act, 2013" শীর্ষক প্রকল্পের সমস্যা সমাধান, সার্বিক বাস্তাবয়ন অগ্রগতি পর্যালোচনা এবং প্রকল্পের আওতায় প্রণীত ফলাফল (output) অনুমোদনের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

**সভাপতি**

(১) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

(৪) সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৬) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৭) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৮) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৯) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(১০) সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

(১১) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

(১২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(১৩) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), বনানী, ঢাকা।

(১৪) যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(১৫) যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(১৬) উপ-সচিব (উন্নয়ন-০৫), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(১৭) উপ-প্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(১৮) বেগম সাবিনা ইয়াসমিন, সিনিয়র প্রোগ্রাম অফিসার, Swiss Agency for Development and Cooperation (SDC), Embassy of Switzerland, Bay's Edgewater, 8$^{th}$ Floor, Polt-12, North Avenue, Gulshan-2, Dhaka.

**সদস্য-সচিব**

(১৯) জনাব মোঃ রেজাউল করিম, প্রকল্প পরিচালক, Institutionalization of Integrated Water Resources Management (IWRM) Process in Compliance with Bangladesh Water Act, 2013 Project, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), বনানী, ঢাকা।

**কমিটির কার্যপরিধি:**

(ক) নীতিমালা সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন;

(খ) বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আলোকে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা প্রণয়নে জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পা (NWMP), জাতীয় পানি নীতি (NWPo), পানি সংক্রান্ত অন্যান্য পরিকল্পনা ও কৌশল অনুসরণে নির্দেশনা প্রদান;

(গ) বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর সাথে দেশের পানি খাতে বিদ্যমান অন্যান্য আইনের সমন্বয় সাধন;

(ঘ) বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর সার্বিক বাস্তবায়নের নির্দেশনা প্রদান;

(ঙ) বিভিন্ন সংস্থার পরিকল্পনা বাস্তবায়নে আন্তঃসংস্থার দ্বন্দ্ব নিরসন;

(চ) প্রকল্পের আওতায় প্রণীত সকল ফলাফল (output) অনুমোদন।

২। কমিটি প্রতি ছয় মাস অন্তর একবার সভা আহ্বান করবে। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করা যাবে।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাহ্‌মিদা খানম**
উপসচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**(টিও-০১ অধিশাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ভাদ্র ১৪২২/০৯ সেপ্টেম্বর ২০১৫

**নং বাম/টিও-১/৩১/২০১১(অংশ-১)/৩৩৬**—নতুন কোম্পানি আইন এর প্রণীত খসড়া বিষয়ে বিভিন্ন স্টেকহোল্ডারগণের মতামত গ্রহণপূর্বক সুপারিশ করার নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব, টিও-১ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়

(৩) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিব পদের নিচে নয়)

(৪) বাংলাদেশ ব্যাংকের ১ জন প্রতিনিধি (উপ-পরিচালক পদমর্যাদার নিচে নয়)

(৫) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিব পদের নিচে নয়)

(৬) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের একজন প্রতিনিধি

(৭) ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশনের একজন উপযুক্ত প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৮) উপ-নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা (নিবন্ধক কর্তৃক মনোনীত)।

২। কমিটি নতুন কোম্পানি আইন এর প্রণীত খসড়া বিষয়ে স্টেকহোল্ডারগণের মতামত গ্রহণপূর্বক একটি সুপারিশ বাণিজ্য মন্ত্রণালয়ে দাখিল করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. মাসুদুর রহমান**
উপসচিব।

## অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
## প্রবিধি অনুবিভাগ
## প্রবিধি-৩ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৩ কার্তিক ১৪২২/১৮ অক্টোবর ২০১৫

**নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫.৮০**—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত পুলিশ বিভাগের এস আই/সার্জেন্ট/টিএসআই ও তদ্‌নিম্ন পর্যায়ের কর্মচারীদের নিম্নোক্তভাবে মাসিক ঝুঁকি ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

| ক্রমিক | পদের নাম | ঝুঁকি ভাতার পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | চাকরির বয়স ০—৫ বছর | চাকরির বয়স ৫+ হতে ১০ বছর | চাকরির বয়স ১০+ হতে ১৫ বছর | চাকরির বয়স ১৫+ হতে ২০ বছর | চাকরির বয়স ২০+ হতে তদূর্ধ্ব |
| (১) | কনস্টেবল (গ্রেড-১৭) | ১৫০০/- | ১৮০০/- | ২২০০/- | ২৫০০/- | ৩০০০/- |
| (২) | নায়েক (গ্রেড-১৫) | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৯০০/- | ৩৪০০/- |
| (৩) | এ এস আই (সশস্ত্র/নিরস্ত্র) (গ্রেড-১৪) | ১৮০০/- | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- |
| (৪) | এস আই/সার্জেন্ট/ টিএসআই (গ্রেড-১০) | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৫০০/- | ৫৪০০/- |

**শর্তসমূহ :**

(১) এই আদেশ ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হইতে কার্যকরী হইবে।

(২) ৩০ জুন ২০১৫ তারিখে কোন কর্মচারী উল্লিখিত পরিমাণ ঝুঁকি ভাতার চাইতে বেশি পরিমাণ ঝুঁকি ভাতা ইতোমধ্যে আহরণ করিলে তিনি সেই পরিমাণ ভাতাই পাইতে থাকিবেন।

**নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫.৮১**—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত র‌্যাব-এ কর্মরত কর্মচারীদের নিম্নোক্তভাবে মাসিক বিশেষ ভাতা (র‌্যাব ভাতা) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

| ক্রমিক নং | পদের নাম | ভাতার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | মহাপরিচালক | ২৪,০০০/- |
| (২) | অতিরিক্ত মহাপরিচালক | ২২,০০০/- |
| (৩) | পরিচালক | ২০,০০০/- |
| (৪) | উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিস্টেম এনালিস্ট | ১৬,০০০/- |
| (৫) | সিনিয়র সহকারী পরিচালক/নেট প্রশাসক/ল অফিসার/কম্পিউটার প্রোগ্রামার | ১৩,০০০/- |
| (৬) | সহকারী পরিচালক/আরএম ও/ভেটেরিনারী ডাক্তার/বাজেট অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা/ উপ-সহকারী পরিচালক | ৮,৫০০/- |
| (৭) | সার্জেন্ট/এস আই/উপ-সহকারী প্রকৌশলী | ৬,০০০/- |
| (৮) | ধর্মীয় শিক্ষক | ৫,৫০০/- |
| (৯) | এ এসআই/ক্যাশিয়ার/হিসাব রক্ষক | ৪,০০০/- |
| (১০) | নায়েক | ৩,৭০০/- |
| (১১) | অফিস সহকারী/ল্যাব এ্যাসিস্ট্যান্ট | ৩,৫০০/- |
| (১২) | কনস্টেবল/কুক কনস্টেবল | ৩,৩০০/- |
| (১৩) | টেকনিশিয়ান/মেস ওয়েটার/বাবুর্চী/ মশালচী | ৩,২০০/- |
| (১৪) | এনসি(ই)/লস্কর/পরিচ্ছন্নতা কর্মী/ওয়ার্ড বয়/অফিস সহায়ক/ডোম/মালী | ৩,০০০/- |

**শর্তসমূহ :**

(১) এই আদেশ ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হইতে কার্যকরী হইবে।

(২) ৩০ জুন ২০১৫ তারিখে কোন কর্মচারী উল্লিখিত পরিমাণ ঝুঁকি ভাতার চাইতে বেশি পরিমাণ ঝুঁকি ভাতা ইতোমধ্যে আহরণ করিলে তিনি সেই পরিমাণ ভাতাই পাইতে থাকিবেন।

(৩) ৩০ জুন ২০১৫ তারিখের পরে কোন কর্মচারী র‌্যাবে পদায়িত হইলে তাঁহার মূল বেতন নির্বিশেষে উল্লিখিত পদের বিপরীতে বর্ণিত নির্ধারিত বিশেষ ভাতা প্রযোজ্য হইবে।

(৪) যাহারা প্রেষণে নিয়োজিত হইবেন তাঁহারা নিজ বাহিনীর জন্য নির্ধারিত ঝুঁকি ভাতা বা বিশেষ ভাতা কিংবা প্রতিরক্ষা সার্ভিস ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) পাইবেন না।

**নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫.৮২**—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত বর্ডার গার্ড বাংলাদেশ(বিজিবি)–এর সুবেদার মেজর ও তদ্‌নিম্ন পর্যায়ের কর্মচারীদের নিম্নোক্তভাবে মাসিক সীমান্ত ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

| ক্রমিক | জাতীয় বেতন স্কেল, ২০১৫(বিজিবি) | সীমান্ত ভাতার পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | চাকরির বয়স ০–৫ বছর | চাকরির বয়স ৫+ হতে ১০ বছর | চাকরির বয়স ১০+ হতে ১৫ বছর | চাকরির বয়স ১৫+ হতে ২০ বছর | চাকরির বয়স ২০+ হতে তদূর্ধ্ব |
| (১) | গ্রেড-২০ | ১২০০/- | ১৫০০/- | ১৮০০/- | ২২০০/- | ২৬০০/- |
| (২) | গ্রেড-১৯ | ১৩০০/- | ১৬০০/- | ১৯০০/- | ২৩০০/- | ২৭০০/- |
| (৩) | গ্রেড-১৮ | ১৪০০/- | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৮০০/- |
| (৪) | গ্রেড-১৭ | ১৫০০/- | ১৮০০/- | ২২০০/- | ২৫০০/- | ৩০০০/- |
| (৫) | গ্রেড-১৬ | ১৬০০/- | ১৯০০/- | ২৩০০/- | ২৭০০/- | ৩২০০/- |
| (৬) | গ্রেড-১৫ | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৯০০/- | ৩৪০০/- |
| (৭) | গ্রেড-১৪ | ১৮০০/- | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- |
| (৮) | গ্রেড-১৩ | ১৯০০/- | ২৩০০/- | ২৮০০/- | ৩৪০০/- | ৪০০০/- |
| (৯) | গ্রেড-১২ | ২১০০/- | ২৫০০/- | ৩০০০/- | ৩৬০০/- | ৪৪০০/- |
| (১০) | গ্রেড-১১ | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৬০০/- |
| (১১) | গ্রেড-১০ | ২৩০০/- | ২৮০০/- | ৩৩০০/- | ৩৯০০/- | ৪৭০০/- |
| (১২) | গ্রেড-৯ | ২৪০০/- | ২৯০০/- | ৩৪০০/- | ৪২০০/- | ৫০০০/- |
| (১৩) | গ্রেড-৮ | ২৫০০/- | ৩০০০/- | ৩৫০০/- | ৪৩০০/- | ৫২০০/- |
| (১৪) | গ্রেড-৭ | ২৬০০/- | ৩১০০/- | ৩৬০০/- | ৪৪০০/- | ৫৩০০/- |
| (১৫) | গ্রেড-৬ | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৫০০/- | ৫৪০০/- |

**শর্তসমূহ :**

(১) এই আদেশ ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হইতে কার্যকরী হইবে।

(২) ৩০ জুন ২০১৫ তারিখে কোন কর্মচারী উল্লিখিত পরিমাণ ঝুঁকি ভাতার চাইতে বেশি পরিমাণ ঝুঁকি ভাতা ইতোমধ্যে আহরণ করিলে তিনি সেই পরিমাণ ভাতাই পাইতে থাকিবেন।

**নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫.৮৩**—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত ফায়ার সার্ভিসের শুধু অপারেশনাল কাজে নিয়োজিত উপ-সহকারী পরিচালক ও তদ্‌নিম্ন পর্যায়ের কর্মচারীদের নিম্নোক্তভাবে মাসিক ঝুঁকি ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

| ক্রমিক | পদের নাম | ঝুঁকি ভাতার পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | চাকরির বয়স ০-৫ বছর | চাকরির বয়স ৫+হতে ১০ বছর | চাকরির বয়স ১০+হতে ১৫ বছর | চাকরির বয়স ১৫+হতে ২০ বছর | চাকরির বয়স ২০+হতে তদূর্ধ্ব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | ফায়ারম্যান/ডুবুরী/নার্সিং এ্যাডেনডেট (গ্রেড-১৮) | ১৪০০/- | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৮০০/- |
| (২) | লিডার (গ্রেড-১৭) | ১৫০০/- | ১৮০০/- | ২২০০/- | ২৫০০/- | ৩০০০/- |
| (৩) | টেলিফোন/ওয়ারলেস অপারেটর (গ্রেড-১৬) | ১৬০০/- | ১৯০০/- | ২৩০০/- | ২৭০০/- | ৩২০০/- |
| (৪) | সাব অফিসার/ড্রাইভার (গ্রেড-১৫) | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৯০০/- | ৩৪০০/- |
| (৫) | স্টেশন অফিসার/স্টাফ অফিসার/ জুনিয়র প্রশিক্ষক/ মবিলাইজিং অফিসার (গ্রেড-১৩) | ১৯০০/- | ২৩০০/- | ২৮০০/- | ৩৪০০/- | ৪০০০/- |
| (৬) | ওয়্যার হাউজ ইন্সপেক্টর/ ফিজিক্যাল ইন্সট্রাক্টর/ড্রাইভার ইন্সট্রাক্টর (গ্রেড-১২) | ২১০০/- | ২৫০০/- | ৩০০০/- | ৩৬০০/- | ৪৪০০/- |
| (৭) | সিনিয়র স্টেশন অফিসার/ সহকারী প্রশিক্ষক/স্টোর অফিসার/ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়ন্ত্রণ কক্ষ (গ্রেড-১১) | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৬০০/- |
| (৮) | উপ সহকারী পরিচালক (গ্রেড-১০) | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৫০০/- | ৫৪০০/- |

**শর্তসমূহ ঃ**

(১) এই আদেশ ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হইতে কার্যকরী হইবে।

(২) ৩০ জুন ২০১৫ তারিখে কোন কর্মচারী উল্লিখিত পরিমাণ ঝুঁকি ভাতার চাইতে বেশি পরিমাণ ঝুঁকি ভাতা ইতোমধ্যে আহরণ করিলে তিনি সেই পরিমাণ ভাতাই পাইতে থাকিবেন।

(৩) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৩-১০-২০১০ খ্রিঃ তারিখের ৪৪.০০.০০০০.০২৫.২৯.০০১.১৩-৩৩৫ নং স্মারকের মাধ্যমে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী কেবল অপারেশনাল কাজে নিয়োজিত কর্মচারীগণ বর্ণিত ঝুঁকি ভাতা প্রাপ্য হইবেন।

**নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫.৮৪**—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত সার্কেল এ্যাডজুটেন্ট/কোম্পানী কমান্ডার/ব্যাটালিয়ন কোয়ার্টার মাস্টার ও তদ্‌নিম্ন পর্যায়ের কর্মচারীদের নিম্নোক্তভাবে মাসিক ঝুঁকি ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

| ক্রমিক | পদের নাম | ঝুঁকি ভাতার পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | চাকরির বয়স ০-৫ বছর | চাকরির বয়স ৫+হতে ১০ বছর | চাকরির বয়স ১০+হতে ১৫ বছর | চাকরির বয়স ১৫+হতে ২০ বছর | চাকরির বয়স ২০+হতে তদূর্ধ্ব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | আরমোরার (গ্রেড-১৯) | ১৩০০/- | ১৬০০/- | ১৯০০/- | ২৩০০/- | ২৭০০/- |
| (২) | ব্যাটালিয়ন আনসার/ সিপাহী (গ্রেড-১৮) | ১৪০০/- | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৮০০/- |
| (৩) | ল্যান্স নায়েক (গ্রেড-১৭) | ১৫০০/- | ১৮০০/- | ২২০০/- | ২৫০০/- | ৩০০০/- |
| (৪) | নায়েক/নার্সিং সহকারী/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬) | ১৬০০/- | ১৯০০/- | ২৩০০/- | ২৭০০/- | ৩২০০/- |
| (৫) | হাবিলদার/গাড়ী চালক (গ্রেড-১৫) | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৯০০/- | ৩৪০০/- |
| (৬) | এপিসি/নায়েব সুবেদার (গ্রেড-১৪) | ১৮০০/- | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- |
| (৭) | পিসি/সুবেদার (গ্রেড-১৩) | ১৯০০/- | ২৩০০/- | ২৮০০/- | ৩৪০০/- | ৪০০০/- |
| (৮) | উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক (গ্রেড-১২) | ২১০০/- | ২৫০০/- | ৩০০০/- | ৩৬০০/- | ৪৪০০/- |
| (৯) | সার্কেল এ্যাডজুটেন্ট/কোম্পানী কমান্ডার/ ব্যাটালিয়ন কোয়ার্টার মাস্টার (গ্রেড-১০) | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৫০০/- | ৫৪০০/- |

**শর্তসমূহ :**

(১) এই আদেশ ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হইতে কার্যকরী হইবে।

(২) ৩০ জুন ২০১৫ তারিখে কোন কর্মচারী উল্লিখিত পরিমাণ ঝুঁকি ভাতার চাইতে বেশি পরিমাণ ঝুঁকি ভাতা ইতোমধ্যে আহরণ করিলে তিনি সেই পরিমাণ ভাতাই পাইতে থাকিবেন।

**নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮৫**—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত কোস্ট গার্ড-এ কর্মরত কর্মচারীদের নিম্নোক্তভাবে মাসিক ঝুঁকি ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

| ক্রমিক নং | পদের নাম | ঝুঁকি ভাতার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | এম সি পি ও | ৩,২০০/- |
| (২) | এস সি পি ও | ২,৫০০/- |
| (৩) | সি পি ও | ২,৩০০/- |
| (৪) | পি ও | ২,২০০/- |
| (৫) | এল এস | ১৯০০/- |
| (৬) | এ বি/লিডিং | ১৮০০/- |
| (৭) | ও ডি | ১৫০০/- |
| (৮) | রিক্রুট | ১৪৫০/- |

**শর্তসমূহ :**

(১) এই আদেশ ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হইতে কার্যকরী হইবে।

(২) ৩০ জুন ২০১৫ তারিখে কোন কর্মচারী উল্লিখিত পরিমাণ ঝুঁকি ভাতার চাইতে বেশি পরিমাণ ঝুঁকি ভাতা ইতোমধ্যে আহরণ করিলে তিনি সেই পরিমাণ ভাতাই পাইতে থাকিবেন।

(৩) ৩০ জুন ২০১৫ তারিখের পরে কোন কর্মচারী কোস্ট গার্ডে পদায়িত হইলে তাঁহার মূল বেতন নির্বিশেষে উল্লিখিত পদের বিপরীতে বর্ণিত নির্ধারিত বিশেষ ভাতা প্রযোজ্য হইবে।

(৪) যাহারা প্রেষণে নিয়োজিত হইবেন তাঁহারা নিজ বাহিনীর জন্য নির্ধারিত ঝুঁকি ভাতা বা বিশেষ ভাতা কিংবা প্রতিরক্ষা সার্ভিস ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) পাইবেন না।

**নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫.৮৬**—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত কারাগারে কর্মরত ডেপুটি জেলার ও তদ্‌নিম্ন পর্যায়ের কর্মচারীদের নিম্নোক্তভাবে মাসিক ঝুঁকি ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

| ক্রমিক | পদের নাম | ঝুঁকি ভাতার পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | চাকরির বয়স ০-৫ বছর | চাকরির বয়স ৫+হতে ১০ বছর | চাকরির বয়স ১০+হতে ১৫ বছর | চাকরির বয়স ১৫+হতে ২০ বছর | চাকরির বয়স ২০+হতে তদূর্ধ্ব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | কারারক্ষী/মহিলা কারারক্ষী/ দেহরক্ষী (গ্রেড-১৭) | ১৫০০/- | ১৮০০/- | ২২০০/- | ২৫০০/- | ৩০০০/- |
| (২) | সহকারী প্রধান কারারক্ষী (গ্রেড-১৬) | ১৬০০/- | ১৯০০/- | ২৩০০/- | ২৭০০/- | ৩২০০/- |
| ৩) | প্রধান কারারক্ষী/মেট্রোন (গ্রেড-১৫) | ১৭০০/- | ২০০০/- | ২৪০০/- | ২৯০০/- | ৩৪০০/- |
| (৪) | সর্ব প্রধান কারারক্ষী (গ্রেড-১৪) | ১৮০০/- | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- |
| (৫) | সার্জেন্ট ইন্সট্রাক্টর (গ্রেড-১৩) | ১৯০০/- | ২৩০০/- | ২৮০০/- | ৩৪০০/- | ৪০০০/- |
| (৬) | ডেপুটি জেলার (গ্রেড-১১) | ২২০০/- | ২৭০০/- | ৩২০০/- | ৩৮০০/- | ৪৬০০/- |

**শর্তসমূহ :**

(১) এই আদেশ ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ হইতে কার্যকরী হইবে।

(২) ৩০ জুন ২০১৫ তারিখে কোন কর্মচারী উল্লিখিত পরিমাণ ঝুঁকি ভাতার চাইতে বেশি পরিমাণ ঝুঁকি ভাতা ইতোমধ্যে আহরণ করিলে তিনি সেই পরিমাণ ভাতাই পাইতে থাকিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তপন কুমার কর্মকার**
অতিরিক্ত সচিব।

---

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৭ পৌষ ১৪২২/৩১ ডিসেম্বর ২০১৫

**নং ০৩.৭৫৯.০১৪.০২০.০০.০২৪.২০১৫-১৫৪৬**—কুমিল্লা জেলার মেঘনা উপজেলার সোনাচর মৌজায় কুমিল্লা ইকোনমিক জোন নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য জনাব মোস্তফা কামাল, চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ, হাউজ-১৫, রোড-৩৪, গুলশান-১, ঢাকা-১২১২ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর একটি আবেদন করেছেন। নিম্নেবর্ণিত তফসিলভুক্ত তাদের মালিকানাধীন জমির পরিমাণ ৪৩.৩১৬২ একর। আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত স্থানে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্দারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোন ব্যক্তি এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়,বিডিবিএল ভবন, লেভেল-১৫, ১২ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা হবে এবং মাস্টারপ্ল্যান প্রণয়নের মাধ্যমে পরিকল্পিতভাবে বিভিন্ন শিল্প কারখানা গড়ে তোলা হবে। এতদ্ব্যতীত এফুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ETP) স্থাপন করা হবে এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও অগ্নি নির্বাপন ব্যবস্থা গড়ে তোলা হবে।

**তফসিল-১**

জেলা কুমিল্লা, উপজেলা মেঘনা, জে. এল নং ৬, মৌজা সোনাচর।

| আর এস খতিয়ান নং | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ৩৬০ | ৩৬৯ | ০.৪২০৪ |
| ২২২ | ৪৫২ | ০.৮১৮২ |
| ৭৮০ | ৪৫৩ | ০.১৮৫১ |
| ৫৩১ | ৪৫৪ | ০.০৫০০ |
| ৫৩০ | ৪৫৫ | ০.১০০০ |
| ৩৬৩ | ৪৬৬ | ০.১০০০ |
| ৩৬৩ | ৪৬৭ | ০.২৬৫০ |
| ১৮০ | ৪৬৯ | ০.১৭১০ |
| ১৮০ | ৪৭০ | ০.১৩৪০ |
| ১৮০ | ৪৭১ | ০.৫৩২৯ |
| ২০৩ | ৪৭৩ | ০.০১৫৩ |
| ২০৩ | ৪৭৫ | ০.০৩৬১ |
| ১৫ | ৪৭৬ | ০.৫৮০০ |
| ১৫ | ৪৭৭ | ০.৭৪০০ |

| আর এস খতিয়ান নং | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ২০৩ | ৪৭৮ | ০.০১৬৪ |
| ৭৮০ | ৪৮৯ | ০.৬৮৮৮ |
| ৭২৬ | ৪৯০ | ০.৬৪০০ |
| ১০৮ | ৪৯১ | ০.৭১০০ |
| ১০৭ | ৪৯২ | ০.৩৪০০ |
| ১৭৫ | ৪৯৩ | ০.৩২৬৫ |
| ৪২৫ | ৪৯৫ | ০.২১০০ |
| ২৯৬ | ৪৯৬ | ০.১০০০ |
| ৩৯২ | ৪৯৭ | ০.৩৬৭৮ |
| ৪৬৭ | ৪৯৮ | ০.৩৮০০ |
| ৬৮৩ | ৪৯৯ | ০.৩৮০০ |
| ৬৬৯ | ৫০০ | ০.৪৫০০ |
| ৮৩৮ | ৫০১ | ০.৪৬০০ |
| ৩৫০ | ৫০২ | ০.১১০০ |
| ১৮০ | ৫০৩ | ০.২৩২৩ |
| ৮৪৯ | ৫০৪ | ০.১৪০০ |
| ১০৮ | ৫০৫ | ০.১৫০০ |
| ২২৫ | ৫০৬ | ০.২৫০০ |
| ৭৮০ | ৫০৭ | ০.৩০০০ |
| ৬২২ | ৫০৮ | ০.৫৬০০ |
| ৯২৭ | ৫০৯ | ০.৪৫০০ |
| ৭৫৭ | ৫১০ | ০.২৪০০ |
| ৬৪১ | ৫১১ | ০.২১০০ |
| ১২৫ | ৫১৪ | ০.৭০৯৯ |
| ২৩২ | ৫১৬ | ০.৩৫৬০ |
| ৫৫১ | ৫১৭ | ০.২৯৯২ |
| ৬৬৪ | ৫১৮ | ০.৯৪২৬ |
| ৪২৫ | ৫১৯ | ০.১২৩৭ |
| ৪৯৭ | ৫২০ | ০.২০০০ |
| ২১৭ | ৫২১ | ০.১১১১ |
| ২১৭ | ৫২২ | ০.৩৪৫০ |
| ২৩২ | ৫২৩ | ৪.০৩০০ |
| ৪৬৪ | ৫২৪ | ০.০৯৯৫ |
| ৬৫০ | ৫২৫ | ০.১৮০০ |
| ৭৫১ | ৫২৬ | ০.১১৫০ |
| ৩৬১ | ৫২৭ | ০.১২১৯ |
| ৮৯৭ | ৫২৮ | ০.২০৪১ |
| ১৯২ | ৫২৯ | ০.১১২৫ |
| ৩৬১ | ৫৪৭ | ০.১০১২ |
| ১২৫ | ৫৪৮ | ০.৪১৪৮ |
| ৩৫২, ৩৯৬ | ৫৫০ | ০.৫৩০০ |
| ৪৯৭ | ৫৫১ | ০.২২০০ |
| ৭৫০ | ৫৫৪ | ০.৭৪০০ |
| ৫৩ | ৫৫৫ | ০.২৬০০ |
| ৫৩ | ৫৫৬ | ০.০৫৭৬ |
| ৫৬৭ | ৫৫৭ | ০.২৬০০ |
| ৫১৮ | ৫৫৮ | ০.৪৯১৮ |
| ৫৩ | ৫৬১ | ০.২৯০০ |
| ৫৩ | ৫৬২ | ০.২৫০০ |
| ৮৩ | ৫৬৩ | ০.৩৩০৪ |
| ৪২৪ | ৫৬৪ | ০.১৭০০ |
| ১৭১ | ৫৬৫ | ০.০৬৭৫ |

| আর এস খতিয়ান নং | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ২৮৮ | ৫৬৬ | ০.৩২০০ |
| ৫৭৯ | ৫৬৭ | ০.২৫৪২ |
| ৬১ | ৫৬৯ | ০.৫১০০ |
| ৮৩ | ৫৭০ | ০.১২২৯ |
| ৫৪৬ | ৫৭১ | ০.৫৪০০ |
| ৭৫৮ | ৫৭৩ | ০.১৭০০ |
| ১০৫ | ৫৭৫৪ | ০.২৬০০ |
| ২ | ৫৭৫ | ০.১৭০০ |
| ৭৭৩ | ৫৭৬ | ০.৪১০০ |
| ৭০ | ৫৭৭ | ০.১৫০০ |
| ৪৭৩ | ৫৭৮ | ০.২৬০০ |
| ৬ | ৫৭৯ | ০.৩৫৯৩ |
| ৫৬৪ | ৫৮০ | ০.৫৫০০ |
| ৫৬৭ | ৫৮১ | ০.৭৫০০ |
| ৫৬৭ | ৫৮২ | ০.৭২০০ |
| ৬৪৯ | ৫৮৩ | ০.৬২৮১ |
| ৮৯৭ | ৫৮৪ | ০.২৩৬৫ |
| ৩৫৭ | ৫৮৫ | ০.১০৭৮ |
| ৮৯৮ | ৫৮৬ | ০.০৭০০ |
| ৮৯৮ | ৫৮৭ | ০.১৯৩০ |
| ১১৮ | ৫৮৮ | ০.১৪৩৩ |
| ১৩৭ | ৫৮৯ | ০.১৮০০ |
| ১৩৭ | ৫৯০ | ০.১৩০০ |
| ৮৯৮ | ৫৯৩ | ০.২২০০ |
| ৮৯৮ | ৫৯৪ | ০.০৭৩৩ |
| ২০৬ | ৬১৬ | ০.২৩৪৩ |
| ৬১৬ | ৬১৯ | ০.২৩০০ |
| ৬১৬ | ৬২০ | ০.০৯০০ |
| ৮৪৬ | ৬২১ | ২.১৩০০ |
| ৪০৯ | ৬৩২ | ০.১০০০ |
| ২ | ৬৩৫ | ০.১৩০০ |
| ৩২৬ | ৬৩৬ | ০.৩৩০০ |
| ৮৪৬ | ৬৩৭ | ১.৪৩০২ |
| ৮৪৬ | ৬৩৮ | ০.৯৩৯৮ |
| ৮৪১ | ৬৩৯ | ০.৯৩৫০ |
| ৮৩৫ | ৬৪৩ | ০.৪১০০ |
| ১১৭ | ৬৪৪ | ০.৪৭০০ |
| ৪৪৩ | ৬৪৮ | ০.২১০০ |
| ২৯৯ | ৬৪৯ | ০.২৫০০ |
| ৪৮৮ | ৬৫০ | ০.১৭০০ |
| ৩৫৭ | ৬৫১ | ০.০৫৭৫ |
| ২৯৯ | ৬৫৬ | ০.০২৫১ |
| ৩০০ | ৬৫৭ | ০.৯৪৫৬ |
| ২৯৬ | ৬৫৮ | ০.৮৫০০ |
| ৩৪৭ | ৬৬১ | ০.০৫০০ |
| ২৭৭ | ৬৬৩ | ০.০১৩৩ |
| ২২২ | ১৫৬৭ | ০.৯০০০ |
| ৫৮০ | ১৭৩৩ | ০.৩০০০ |

**মোহাম্মদ আইয়ুব**
সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-৬৫/৭৬(অংশ)-৭২৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আশিকুল আরেফিন খান, পিতা-মৃতঃ আরিফ উল্লাহ খান, মাতা-নাছিমা বেগম, গ্রাম-বাগাদী, ডাকঘর-বাঘড়া বাজার, উপজেলা-চাঁদপুর সদর, জেলা-চাঁদপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চাঁদপুর জেলার সদর উপজেলার ৮নং বাগাদী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**ওয়াসিম শেখ**
সিনিয়র সহকারী সচিব।